


**নিয়োগ পত্র**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) নং স্মারকের আলোকে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর বেতনক্রম এবং প্রচলিত বিধি-বিধান অনুযায়ী যাবতীয় ভাতাদিসহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ছকে বর্ণিত পদ ও স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো :

ক্র: নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতনস্কেল ও গ্রেড
১.	জনাব মোহাম্মদ মাসুদ রানা পিতা : মোহাম্মদ নুরুল ইসলাম মাতা : নুরজাহান বেগম	গ্রাম : পশ্চিম দোয়াইর ডাকঘর : দক্ষিণ বাছা উপজেলা : দোহার জেলা : ঢাকা	অফিস সহায়ক (রাজস্বখাতে স্থায়ী)	৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০
২.	জনাব পলাশ চন্দ্র দাস পিতা : মানিক চন্দ্র দাস মাতা : বীনা রানী দাস	গ্রাম : খরমপট্টি ডাকঘর : শোলাকিয়া উপজেলা : কিশোরগঞ্জ সদর জেলা : কিশোরগঞ্জ	অফিস সহায়ক (রাজস্বখাতে স্থায়ী)	৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০
৩.	জনাব শরিফুল ইসলাম পিতা : আঃ মালেক মাতা : আমিনুন নেছা	গ্রাম : ইজারকান্দি ডাকঘর : কালাপাহাড়িয়া উপজেলা : আড়াইহাজার জেলা : নারায়ণগঞ্জ	অফিস সহায়ক (রাজস্বখাতে স্থায়ী)	৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০

**শর্তাবলি :**

- ১) প্রার্থীকে সিভিল সার্জনের নিকট থেকে স্বাস্থ্য পরীক্ষা (ডোপ টেস্ট বাধ্যতামূলক) করে শারীরিক সুস্থতার সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ২) পুলিশ ভেরিফিকেশন-এ কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩) প্রার্থীকে “যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না” মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
- ৪) এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।
- ৫) শিক্ষানবিশকালে তার আচরণ ও কার্যাবলি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতীত চাকরি হতে অপসারণ করা হবে।
- ৬) চাকরির জ্যেষ্ঠতা সরকারি বিধি-বিধান মোতাবেক নির্ধারিত হবে।
- ৭) এ পদের জন্য যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিশকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ০২ (দুই) বৎসর পর চাকরি স্থায়ী করা হবে।
- ৮) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে। এছাড়া সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে।
- ৯) বর্তমানে কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবমুক্তিপত্র/ছাড়পত্রের কপি দাখিল করতে হবে।
- ১০) নিয়োগকৃত প্রার্থীগণকে ৩১/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে যোগদান করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১) শিক্ষানবিশকালে চাকরি হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০১ (এক) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে তিনি চাকরি থেকে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে সরকারি বিধি-বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২) এ চাকরিতে যোগদানের জন্য তাকে কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

  
(মোহাম্মদ রেজাউল করিম)  
উপসচিব  
ও  
সদস্য-সচিব  
বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দু: আ: উপসচিব, উদ্ধৃত কর্মচারী শাখা]।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব, পরিবহন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১১। জনাব .....

.....

.....

.....

  
(মোহাম্মদ রেজাউল করিম)  
উপসচিব